

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৫.১২- ৪২২

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : দেশের সকল পৌরসভায় ডিজিটাল সেন্টার স্থাপন বিষয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৫.১২-৩১৬, তারিখঃ ১৬/০৩/২০১৬।


২। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৫.১২-৩৮০, তারিখঃ ১৩/০৪/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০২/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় পৌরসভা সংশ্লিষ্ট নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২। (ক) “দেশের সকল পৌরসভায় ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। পৌরভবন প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫ X ১২ ফুট (ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তনের কক্ষ থাকবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার, দুটি টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। পৌরসভা নিজস্ব তহবিল থেকে আগামী ৩০ এপ্রিলের মধ্যে ডিজিটাল সেন্টার স্থাপনের কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করবে।”

২। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, সূত্রস্থ স্মারকের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়েছিল।

৩। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সফট কপি (ই-মেইলঃ alilgd75@gmail.com) ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


১৯.০৪.১৬
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র (সকল)

-----পৌরসভা,
----- জেলা।

অনুলিপি :

১। যুগ্ম-সচিব (উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ ও এ বিষয়ক টাস্ক ফোর্সের সভাপতি।

২। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।